শেখ হাসিনার উদ্যোগ

# “নিয়োগ বিজ্ঞপ্তি”

নং- ২৭.১২.০০০০.০২৫.১১.১৮৩.২০-১৪২২

তারিখঃ ১৬ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ / ৩১ ডিসেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো)-এর রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য/ প্যানেল তৈরীর জন্য যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে Online-এ দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র. নং | পদের নাম ও বেতনস্কেল | পদের সংখ্যা | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|---|
| ০১ | সহকারী সচিব/ সহকারী পরিচালক (প্রশাসন) ৳ ২২০০০-৫৩০৬০/= (গ্রেড- ০৯) | ০৫ টি | অনূর্ধ্ব ৩০ বৎসর। | ১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কলা, সামাজিক বিজ্ঞান, আইন, ব্যবসায় প্রশাসন বা বিজ্ঞান অনুষদভুক্ত যে কোন বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>২) কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ, শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। | সকল জেলা। |
| ০২ | সহকারী পরিচালক (অর্থ) ৳ ২২০০০-৫৩০৬০/= (গ্রেড- ০৯) | ০৬ টি | অনূর্ধ্ব ৩০ বৎসর। | ১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় প্রশাসন, অর্থনীতি, হিসাববিজ্ঞাপন, ব্যাংকিং বা ব্যবস্থাপনায় প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>২) কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ, শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। | |
| ০৩ | অর্থনীতিবিদ ৳ ২২০০০-৫৩০৬০/= (গ্রেড- ০৯) | ০১ টি | অনূর্ধ্ব ৩০ বৎসর। | ১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতিতে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>২) কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ, শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। | |
| ০৪ | হিসাবরক্ষক ৳ ১১৩০০-২৭৩০০/= (গ্রেড-১২) | ০৫ টি | অনূর্ধ্ব ৩০ বৎসর। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য অনুষদভুক্ত যে কোন বিষয়ে দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি বা ৪ (চার) বৎসর মেয়াদি দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রি। | |
| ০৫ | সহকারী হিসাবরক্ষক ৳ ১১০০০-২৬৫৯০/= (গ্রেড- ১৩) | ০৪ টি | অনূর্ধ্ব ৩০ বৎসর। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য অনুষদভুক্ত যে কোন বিষয়ে দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রি। | |
| ০৬ | লাইন নির্মাণ পরিদর্শক/ লাইন নির্মাণ ইন্সপেক্টর ৳ ৯৭০০-২৩৪৯০/= (গ্রেড- ১৫) | ২৫ টি | অনূর্ধ্ব ৩০ বৎসর। | কোন স্বীকৃত বোর্ড হইতে ২ (দুই) বৎসর মেয়াদি বিল্ডিং কনস্ট্রাকশন এন্ড মেইনটেন্যান্স বা ইলেকট্রিক্যাল ওয়ার্কস এন্ড মেইনটেন্যান্স ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) (ভোকেশনাল) পাশ।<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হইতে ২ (দুই) বৎসর মেয়াদি বিল্ডিং মেইনটেন্যান্স, সিভিল কনস্ট্রাকশন, জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস বা ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) (ভোকেশনাল) সহ অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। | মানিকগঞ্জ, গোপালগঞ্জ, রাজবাড়ী, নেত্রকোনা, রাঙ্গামাটি, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ, নাটোর, দিনাজপুর, কুড়িগ্রাম, নীলফামারী, পঞ্চগড়, ঠাকুরগাঁও, খুলনা, চুয়াডাঙ্গা, মেহেরপুর ভোলা, ঝালকাঠী এবং পটুয়াখালী জেলা **ব্যতীত অন্য সকল জেলা।** কিন্তু এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলা। |
| ০৭ | ডাটা এন্ট্রি অপারেটর ৳ ৯৩০০-২২৪৯০/= (গ্রেড- ১৬) | ০৪টি | অনূর্ধ্ব ৩০ বৎসর। | ১) কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞানে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>২) ডাটা এন্ট্রি বিষয়ে স্ট্যান্ডার্ড অ্যাপটিচ্যুড টেস্টে উত্তীর্ণ। | |
| ০৮ | কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী ৳ ৯৩০০-২২৪৯০/= (গ্রেড- ১৬) | ০৩টি | অনূর্ধ্ব ৩০ বৎসর। | ১) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>২) কম্পিউটার ব্যবহারের দক্ষতা; এবং<br>৩) প্রতি মিনিটে বাংলা ও ইংরেজিতে গতি ২০ শব্দ ও ৩০ শব্দ থাকতে হবে। | |

**এই নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদসমূহের মধ্যে মহামান্য আদালতে বিচারাধীন পদসমূহ অন্তর্ভুক্ত নেই।**

**শর্তাবলীঃ**

০১। Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ০৭-০১-২০২১ খ্রি. সকাল ১০:০০ ঘটিকা হতে।

০২। ০১-০২-২০২১ খ্রি. তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৪ নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে।

০৩। ১৮ বৎসরের কম বয়সীদের আবেদন করার প্রয়োজন নেই। মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং প্রতিবন্ধী কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে প্রার্থীর বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর।

০৪। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা অথবা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে অথবা অন্য কোন কোটায় আবেদন করতে হলে **Online** এ আবেদন ফরমের নির্ধারিত ঘর পূরণ করতে হবে।

০৫। নিয়োগের ক্ষেত্রে সরকারী নির্দেশাবলী, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও অন্যান্য নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।

০৬। নির্ধারিত তারিখ ও সময়ের পর আবেদন ফরম পূরণ করা যাবে না।

০৭। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং এ সংক্রান্ত নির্ধারিত ঘর পূরণ করতে হবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় জমা দিতে হবে।

০৮। সিভিল আপীল নং- ৪৬০/২০১৭ ও সিভিল রিভিউ পিটিশন নং- ১৮১/২০১৮ এর রায় অনুযায়ী বাপবিবো'র সমাপ্ত প্রকল্পের যে সকল কর্মকর্তা/ কর্মচারী প্রকল্পের শেষ দিন পর্যন্ত সন্তোষজনকভাবে কর্মে নিয়োজিত ছিলেন তারা সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের ইস্যুকৃত প্রত্যয়নপত্র সংগ্রহ সাপেক্ষে আবেদন করতে পারবেন। এক্ষেত্রে তাঁদের বয়সের সীমাবদ্ধতা রাখা হবে না।

০৯। আবেদনে উল্লিখিত তথ্য প্রমাণের জন্য মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

১০। নির্বাচনী পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। বাপবিবো কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধি এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল বা নিয়োগ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণ করার অধিকার সংরক্ষণ করেন।

১২। প্রার্থীদের লিখিত ও মৌখিক এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষা উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

১৩। স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৪। প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যাবলী অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতিপূর্ণ থাকলে এবং পরবর্তী যে কোন সময় বিষয়টি বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের গোচরীভূত হলে তাকে চাকুরী হতে বিনা নোটিশে বরখাস্ত করণসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫। চাহিত শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষায় অ্যাপিয়ার্ড প্রার্থীগণের আবেদন বিবেচনা করা হবে না।

১৬। চাকুরীর জন্য যে কোন ব্যক্তিগত যোগাযোগ বা তদবির বা সুপারিশ চাকুরী লাভের ক্ষেত্রে প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।